ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৪৬২১
আগরতলা,৬ জানুয়ারি,২০২৬

**৪৪তম আগরতলা বইমেলা**
**চতুর্থ দিনে বিক্রি ৯,৫৫,৫৭৮ টাকা**
**পঞ্চম দিনে বিভিন্ন অনুষ্ঠান**

হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণে আয়োজিত ৪৪তম আগরতলা বইমেলার আজ ছিল পঞ্চম দিন। এবছর বইমেলার মূল থিম হলো ‘বন্দেমাতরম’। গতকাল বইমেলায় মোট ৯,৫৫,৫৭৮ টাকার বই বিক্রি হয়েছে। আজ বইমেলার কবি সম্মেলন ও বই প্রকাশ মঞ্চে নরসিংগড়স্থিত ভবনস ত্রিপুরা বিদ্যামন্দিরের শিক্ষার্থীদের দ্বারা নিবেদিত ‘বর্ণময় আলাপন’ শীর্ষক আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। এতে এই বিদ্যামন্দিরের ৯ জন ছাত্রছাত্রী এই বিদ্যামন্দিরের ‘চিন্তন’ বইয়ের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। এছাড়া শিক্ষার্থীগণ বাংলা, ইংরেজি ও হিন্দি ভাষায় ভারতীয় সংস্কৃতি, রাজদরবারে রবীন্দ্রনাথ ঠাকুর, গীতাঞ্জলি কাব্যগ্রন্থের ২টি কবিতার আবৃত্তি ও যুব দিবসের বিষয়ে আলোকপাত করেন যা দর্শকদের প্রশংসা কুড়িয়ে নেয়। অনুষ্ঠানে এই বিদ্যামন্দিরের শিক্ষক রূপম রায়কে সংবর্ধনা জ্ঞাপন করেন বিশিষ্ট কবি নকুল রায়। সঞ্চালনা করেন এই বিদ্যামন্দিরের শিক্ষিকা জয়শ্রী দাস।

এরপর এই মঞ্চে শতরূপা প্রকাশনীর ৮টি বাংলা বই প্রকাশ করা হয়। প্রকাশক সন্তোষ সরকার। এই ৮টি বই প্রকাশ করেন রাজ্যভিত্তিক সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান সুব্রত চক্রবর্তী, অবসরপ্রাপ্ত আই.জি.পি. বি.কে. রায়, বিশিষ্ট কবি নকুল রায় এবং বিশিষ্ট সমাজসেবী তাপস রায়। সঞ্চালনা করেন শিক্ষক সুবীর ভট্টাচার্য। এরপর এই মঞ্চে বক্তৃতামালা আয়োজিত হয়। এতে প্রয়াত প্রধানমন্ত্রী ভারতরত্ন অটল বিহারী বাজপেয়ী সম্পর্কে আলোচনা করে ছাত্র নবরূপ ভট্টাচার্য। প্রয়াত দেশপ্রেমী মদন মোহন মালব্য বিষয়ে আলোচনা করে ছাত্রী অনন্যা সেন। সঞ্চালনা করেন ড. সেবিকা ধর। এছাড়া এই মঞ্চে বাল্যবিবাহ : এর প্রতিরোধ, সচেতনতা ও সমাধান নিয়ে আলোচনা করেন ত্রিপুরা রাজ্য শিশু সুরক্ষা অধিকার কমিশনের সদস্যা চামেলি সাহা এবং কবি ও প্রাবন্ধিক মিঠুন রায়। সঞ্চালনা করেন শিক্ষিকা স্বপ্না দাসগুপ্ত। এছাড়া এই মঞ্চে বিভিন্ন মহাবিদ্যালয়ের ছাত্রছাত্রীগণ আকস্মিক বক্তৃতা প্রতিযোগিতায় অংশ নেয়। বিচারক হিসেবে উপস্থিত ছিলেন অভিজিৎ সমাজপতি, পার্থপ্রতিম আচার্য ও অভিজিৎ ভট্টাচার্য। এদিকে, চন্দ্রশেখর আজাদ স্মৃতি মঞ্চে দক্ষিণ জেলার শিল্পীগণ সমবেত সংগীত, সমবেত লোকনৃত্য, যন্ত্রানুসংগীত ও একক সংগীত পরিবেশন করেন। জনজাতি শিল্পীগণ সমবেত নৃত্যে অংশ নেন। বাঁশীবাদনে অংশ নেন যাদব মুড়াসিং। এছাড়া কুচিপুড়ি নৃত্য পরিবেশন করেন শিল্পী ববি চক্রবর্তী। রংপীঠ নাট্য সংস্থা নাটক পরিবেশন করে। সঞ্চালনা করেন শিল্পী সুমনা মিশ্র।

*****